

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
প্রাথমিক শিক্ষা অধিদপ্তর  
মিরপুর-২, ঢাকা- ১২১৬।  
www.dpe.gov.bd

স্মারক নং- ৩৮.১১৪.০০৪.০৩.০১.১৯৯.২০১৮-992

তারিখ

২৮ শ্রাবণ, ১৪২৫।  
২৮ জুলাই, ২০১৮।

বিষয় : রীট পিটিশন নং ৬২০৬/২০১৮ এর দফাওয়ারী ইংরেজী জবাব ও রীট সংশ্লিষ্ট তথ্য/রেকর্ডপত্র প্রেরণ।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, জনাব মোঃ মারফাতুল ইসলাম ভূইয়া গং, সহকারী শিক্ষক, দীঘিনালা সরকারী প্রাথমিক বিদ্যালয়, উপজেলা-দীঘিনালা, জেলা-খাগড়াছড়ি প্রধান শিক্ষকের শূন্য পদে চলতি দায়িত্ব প্রদানের লক্ষে গত ০১/০৪/২০১৮ খ্রিঃ তারিখে খাগড়াছড়ি জেলাধীন উপজেলা শিক্ষা অফিসার, দীঘিনালা গং সহকারী শিক্ষকদের জ্যেষ্ঠতা তালিকা প্রনয়ন করেন। ফলে উক্ত সহকারী শিক্ষকগণ সংক্ষুদ্ধ হয়ে এবং গত ০৪/১২/২০১৭ খ্রিঃ তারিখে তৈরীকৃত সহকারী শিক্ষকদের জ্যেষ্ঠতা তালিকা বাস্তবায়নের দাবীতে মহামান্য সুপ্রীমকোর্টের হাইকোর্ট বিভাগে রীট পিটিশন নং ৬২০৬/২০১৮ দায়ের করেন।


২। উল্লেখ্য যে, উক্ত রীটের বিরুদ্ধে সরকার পক্ষে পরবর্তী প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের নিমিত্ত রীট পিটিশন সংশ্লিষ্ট রেকর্ডপত্রাদি প্রয়োজন, যা প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের আইনকোষে সংরক্ষিত নেই।

৩। বর্ণিত অবস্থায় রীট পিটিশন নং ৬২০৬/২০১৮ এর প্রেক্ষিতে নিম্নোক্ত তথ্য/রেকর্ড সমূহ আগামী ০৭ (সাত) কর্মদিবসের মধ্যে অধিদপ্তরের আইন শাখায় আবশ্যিকভাবে প্রেরণ করার জন্য তাঁকে অনুরোধ করা হলো।

- (১) রীট পিটিশন নং ৬২০৬/২০১৮ এর বিষয়ে তার গৃহীত কার্যক্রমের বিবরণ, দুই প্রস্থ।
- (২) রীট পিটিশনের দফাওয়ারী ইংরেজী জবাব (যথাস্থানে ডিপিইও এর স্বাক্ষর ও সীলসহ), দুই প্রস্থ।
- (৩) প্রেরিত ওকালত নামায় স্বাক্ষর প্রদান (যথাস্থানে ডিপিইও এর স্বাক্ষর ও সীলসহ)।
- (৪) প্রেরিত ক্ষমতাপর্শনে স্বাক্ষর প্রদান (যথাস্থানে স্বাক্ষর ও সীলসহ)।
- (৫) সরকার পক্ষের যাবতীয় রেকর্ড পত্র, দুই প্রস্থ।
- (৬) প্রতিটি রেকর্ড স্পষ্ট হওয়া প্রয়োজন।

৪। এ বিষয়ে আর কোন তাগিদপত্র দেয়া হবে না। কোন প্রকার অনিয়ম বা অবহেলাজনিত কারণে সরকারের ক্ষতি হলে এর দায়-দায়িত্ব তাঁর উপর বর্তাবে এবং বিষয়টি প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের সচিব মহোদয়কে অবহিত করে প্রশাসনিক ব্যবস্থা গ্রহণ করা হবে।

- সংযুক্তি, ১। রুলের কপি ০১(এক) খানা।  
২। ওকালতনামা ০২(দুই) খানা।  
৩। ক্ষমতাপর্শপত্র ০২(দুই) খানা।

  
24.07.2018  
(মুহাম্মদ রকিবুল ইসলাম তালুকদার)  
সহঃ পরিচালক (আইন)

জেলা প্রাথমিক শিক্ষা অফিসার।  
খাগড়াছড়ি।


স্মারক নং- ৩৮.১১৪.০০৪.০৩.০১.১৯৯.২০১৮-992/2

তারিখ

২৮ শ্রাবণ, ১৪২৫।  
২৮ জুলাই, ২০১৮।

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরিত হলো:

- ১। উপ-পরিচালক, প্রাথমিক শিক্ষা, চট্টগ্রাম বিভাগ, চট্টগ্রাম। তাঁকে বিষয়টি নিশ্চিত করার জন্য অনুরোধ করা হলো।
- ২। অফিস নথি।

  
24.07.2018  
(মুহাম্মদ রকিবুল ইসলাম তালুকদার)  
সহঃ পরিচালক (আইন)